

অধ্যাপক আবু সুফিয়ানের নতুন বই

০৫ অক্টোবর ২০১৯, ১৯:৩৮



অধ্যাপক ড. আবু সুফিয়ান

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) অধ্যাপক ড. আবু সুফিয়ানের লেখা নতুন বই ‘স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশন্স ইন বিজনেস’ শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৫ অক্টোবর) দুপুরে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ প্রধান অতিথি হিসেবে বইয়ের মোড়ক উন্মোচন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। এছাড়া অনুষ্ঠানে ইউআইইউ উপ-উপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. কাজী শহীদুল্লাহ বলেন, দেশের অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো মান সম্মত নয়। সেক্ষেত্রে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি সবুজ ক্যাম্পাস তৈরি করে বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে।



মোড়ক উন্মোচন অনুষ্ঠান

এই বইয়ের লেখার মূল উদ্দেশ্য হলো, শিক্ষার্থী ও গবেষকদের দৈব প্রক্রিয়া সম্পর্কে গভীর জ্ঞান ও দৈব প্রক্রিয়া বিশ্লেষণে সহায়তা করা। দৈব প্রক্রিয়া বলতে সম্ভাবনা তত্ত্বের একটি দৈব ফাংশনকে বোঝানো হয়ে থাকে, অধিকাংশ ক্ষেত্রে যা সময়ের ধারা অথবা কোন দৈব ক্ষেত্রকে সংজ্ঞায়িত করে থাকে।

উপদেষ্টা সম্পাদক: মাহবুব রনি

১২৮/১, পূর্ব তেজতুরি বাজার, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

ফোন: +৮৮০১৭১২৪৬৮৮৯৭, ইমেইল: news@thedailycampus.com